

উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আজমল হোসেন
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম, সৈয়দপুর, নীলফামারী।

তারিখ : ২৬/০৮/২০২১ইং

সময় : ১১:০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভার সভাপতি মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী, উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভায় সদস্য সচিব সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, তার বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। গ্রামীন জনগণকে শতভাগ স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারে উদ্বুদ্ধ করা হচ্ছে।

সভায় সদস্য ইউপি চেয়ারম্যান গণ হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে টিউবয়েল ও স্যানিটারী ল্যাট্রিন প্রদানের প্রস্তাব দেন।

সভায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কাজ সঠিকভাবে করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।


আলোচনাঃ সৈয়দপুর উপজেলায় শতভাগ বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন নিশ্চিতের জন্য ০৫টি ইউনিয়নে নলকূপ, রিং ও স্লাব বিতরণের প্রস্তাব প্রেরণ।

সিদ্ধান্তঃ

(১) সৈয়দপুর উপজেলার ০৫ টি ইউনিয়নের প্রয়োজনীয় স্থানে তারা নলকূপ বিতরণের সিদ্ধান্ত হয়।

(২) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশব্লক নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আজমল হোসেন)

ভাইস-চেয়ারম্যান

ও

সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
সৈয়দপুর, নীলফামারী।

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। উপজেলা চেয়ারম্যান, সৈয়দপুর, নীলফামারী।
- ২। চেয়ারম্যান, কামারপুকুর ইউপি, সৈয়দপুর, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, কাশিরাম বেলপুকুর ইউপি, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান, বোতলাগাড়ী ইউপি, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।